গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষিই সমৃদ্ধি**

**কৃষি মন্ত্রণালয়**

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
www.birtan.gov.bd

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.১১.০০১.২২-১৬১

তারিখ : ০৩ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর অধীনস্থ রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত ০৯ (নয়)টি ক্যাটাগরির মোট ৪০ (চল্লিশ)টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত নিয়মাবলী ও শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://birtan.teletalk.com.bd) ওয়েবসাইটে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র : নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী বেতন স্কেল ও গ্রেড | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | নির্বাহী পরিচালকের ব্যক্তিগত সহকারী<br>১১৩০০-২৭৩০০/-<br>গ্রেড-১২ | ১<br>(এক) | (ক) স্নাতক (সম্মান) ডিগ্রিসহ অফিস ব্যবস্থাপনা কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা<br>(খ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারেন। |
| ২. | পরিসংখ্যান সহকারী<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ২<br>(দুই) | গণিত বা পরিসংখ্যান বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ কম্পিউটার প্রোগ্রামিং এর অভিজ্ঞতা। | |
| ৩. | গ্রন্থাগার সহকারী<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ২<br>(দুই) | (ক) স্নাতক (সম্মান) ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; অথবা<br>(খ) স্নাতক (সম্মান) ডিগ্রিসহ লাইব্রেরীর কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | |
| ৪. | হিসাব রক্ষক<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ৪<br>(চার) | বাণিজ্যে স্নাতক (সম্মান) ডিগ্রি। | |
| ৫. | ফটোগ্রাফার<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ১<br>(এক) | স্নাতক (সম্মান) ডিগ্রিসহ আর্ট ও ফটোগ্রাফিতে অভিজ্ঞতা। | |
| ৬. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ১<br>(এক) | সরকারি প্রতিষ্ঠানে কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | |
| ৭. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ৬<br>(ছয়) | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে; যথা :<br>(অ) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ; এবং<br>(আ) ইংরেজি : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |
| ৮. | ল্যাব সহকারী<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ১২<br>(বারো) | বিজ্ঞানে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | |
| ৯. | মাঠ সহকারী<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ১১<br>(এগারো) | বিজ্ঞানে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | |

০১। আবেদনকারীর বয়স ৩০/০৯/২০২২ খ্রি : তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, শুধুমাত্র বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০২। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। সরকারি/আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৪। প্রার্থীর যোগ্যতা যাচাই : মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক হতে ঝ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

- ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদসহ)।
- খ. প্রার্থী যে সিটি কর্পোরেশন/ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরমেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।
- গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।
- ঘ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
- ঙ. জাতীয় পরিচয়পত্র (NID)/জন্ম সনদের সত্যায়িত ফটোকপি
- চ. অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicants Copy) ও (Admit Card)
- ছ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদ এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটিকর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।
- জ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ঝ. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গন্য হবে।

০৫। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

০৬। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৭। সরকারি নীতিমালা অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

০৮। লিখিত পরীক্ষার তারিখ ও সময় সূচী SMS-এর মাধ্যমে জানানো হবে। এছাড়া বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর নোটিশবোর্ড এবং ওয়েবসাইটে www.birtan.gov.bd নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।

০৯। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর নোটিশবোর্ড এবং ওয়েবসাইটে www.birtan.gov.bd এবং টেলিটকের ওয়েবসাইটে (https://alljobs.teletalk.com.bd) পাওয়া যাবে।

১১। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৩। সরকার কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪। নিয়োগ সংক্রান্ত পরীক্ষার যে কোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয় :

ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ-কে http://birtan.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।

**আবেদনের সময়সীমা :**

১. অনলাইনে আবেদনপত্র পূরণ পরীক্ষা ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২২/০৯/২০২২ খ্রি : সকাল ০৮ :০০ টায়।

২. অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৫/১০/২০২২ খ্রি : সন্ধ্যা ০৬ :০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস (SMS) এ পরীক্ষার ফি জমা দিতে হবে।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীকে তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থলে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ) অনলাইনে আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) <u>SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান</u> : অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন করা প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copyতে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পন্ন কালো/সম্পন্ন সাদা ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copyতে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID number দেওয়া থাকবে এবং User ID number ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile Number এর মাধ্যমে ০২ (দুই)টি SMS করে (ক্রমিক নং-০১ থেকে ০৯ নং এ বর্ণিত পদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ=১০০ (একশত) টাকা এবং Teletalk সার্ভিস চার্জ বাবদ=১২ (বারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট =১১২ (একশত বারো) টাকা পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে আবেদন পত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইনে আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**<u>SMS</u> এর নিয়মাবলী :**

প্রথম <u>**SMS:**</u> **BIRTAN** <space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **BIRTAN ABCDEF**

Reply: Applicant' s Name. TK-112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **BIRTAN** <space>**Yes**<Space>**PIN** and send to 16222

দ্বিতীয় <u>**SMS:**</u> **BIRTAN** <space>**Yes**<Space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **BIRTAN** Yes 12345678

Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for BIRTAN Applicantion for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ) দ্বিতীয় SMSটি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Passwordটি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

ছ) SMS এর প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি পরবর্তীতে সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন (প্রযোজ্য ক্ষেত্রে)।

১) <u>User ID জানা থাকলে :</u> **BIRTAN** <space>**Help**<Space>**User**<Space>**User ID** & Send to 16222.
Example: BIRTAN HELP USER ABCDEF

২) <u>PIN Number</u> **জানা থাকলে : BIRTAN** <space>**Help**<Space>**PIN**<Space>**PIN No** & Send to 16222.

৩) Example: **BIRTAN HELP PIN 12345678**

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) পত্রিকা ছাড়াও বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর ওয়েবসাইট www.birtan.gov.bd নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.birtan.gov.bd ওয়েবসাইট এবং নোটিশবোর্ড হতে জানা যাবে।

ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা এ ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: BIRTAN, Post Name****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঠ) ডিক্লারেশন : প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(মোঃ খোরশেদ আলম এনডিসি)
পরিচালক (যুগ্মসচিব) (প্রশাসন ও অর্থ)
বারটান।